"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ,সিলেট

### সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩০ তম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ইকবাল আহমদ চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, গোলাপগঞ্জ, সিলেট
সভার তারিখ ও সময় ঃ ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, চলমান অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং UGDP এর আওতায় মোট ৪টি উন্নয়ন/সেবা পরিকল্পনা গ্রহণ জরুরী। এবিষয়ে গত পরিষদের মাসিক সাধারণ সভায় সংশ্লিষ্ট সকলকে উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৩ অনুযায়ী বিভিন্ন খাত অনুসরন পূর্বক প্রস্তাব দাখিলে জন্য অনুরোধ করা হয়েছিল। উপজেলা প্রকৌশলী বলেন, প্রকল্প প্রস্তাব যাচাই বাচাই কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানা গেছে এবং সেপ্টেম্বর ৩০ এর মধ্যে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২২ এবং UGDP প্রকল্পের প্রকল্প প্রস্তাব চড়ান্ত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি তিনি বিশেষভাবে অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদ প্রাঙ্গণে বিদ্যমান মরা, ঝরে উপড়ে পড়া ও বিনিষ্টযোগ্য গাছ সমূহ অপসারণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ, সিলেটকে মূল্য নির্ধারনের জন্য পত্র প্রেরণ করা হলে তিনি তাঁর দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.৬৭২.১৭.০০৬.২১-২৫৪৭ তারিখঃ ১৫/০৭/২০২১ইং মূলে ৬০টি মরা/শীর্ণ, উপড়ে পড়া ও ঝুকিপূর্ণ বিভিন্ন প্রজাতির ৬০টি বৃক্ষের মূল্য বাবদ ১,৩১,৪৩১.৮৫ টাকা এবং রানাপিং ভূমি অফিসের সম্মুখে বিদ্যমান ২টি বৃক্ষের মূল্য বাবদ ১৪,৫৫৮.০০ টাকা নির্ধারন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবরে দাখিল করেছেন। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও | ০১। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং UGDP এর আওতায় প্রকল্প প্রস্তাব জরুরী ভিত্তিতে দ্রুত চুড়ান্ত করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উপজেলা পরিষদ প্রাঙ্গণে দূর্ঘটনা এড়ানোর এবং পাশাপাশি মনোরম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে মরা, উপড়ে পড়া ও ঝুকিপূর্ণ গাছ সমূহ অপসারণের বিষয়ে পরিষদ সর্বসম্মতিক্রমে এবং সরকারি মূল্য ১,৩১,৪৩১.৮৫ টাকা যথাযথ হওয়ায় নিয়ম অনুযায়ী ৬২টি গাছ অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ৬২টি গাছ অপসারণপূর্বক নতুন ১২৪টি চারা গাছ রোপনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০৩। সার্বিক বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এক্ষেত্রে RFQ এর ভিত্তিতে মাষ্টার প্লান প্রণয়নের আবাসিক এলাকায় সুরমা, নিলিমা এবং ডরমেটরী ভবন বসবাস উপযোগী করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগের, উপ-২ শাখা এর স্মারক নং- উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ তারিখে ১৫/০৮/২০০৭ইং মারফত জারীকৃত পরিপত্র অনুযায়ী গঠিত কমিটি গত ২৮/০৮/২০২১ইং তারিখে সভা আহবান করেন এবং উক্ত সভায় কমিটি ৬২টি বৃক্ষ (রানাপিং ভূমি অফিসের ক্যাম্পাসটিও অত্র উপজেলার ক্যাম্পাসের মধ্যে বিদ্যমান বিধায়) অপসারনের জন্য সর্বসম্মত সিদ্ধান্তে উপনিত হয়েছেন। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের চুড়ান্ত অনুমতি গ্রহণ সাপেক্ষে উক্ত বৃক্ষ রাশি অপসারন করার বিধান রয়েছে এবং সে ক্ষেত্রে উপজেলা উন্নয়ন ও সমন্বয় সভায় বিষয়টি অনুমোদিত হতে হয় বিধায় তিনি পরিষদে ইহা উপস্থাপন করেন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় সুরমা ও নিলিমা ভবনদ্বয় সহ ক্যাম্পাসের দক্ষিণ-পশ্চিম প্রান্তে বিদ্যমান ডরমেটরী ভবন সমূহ প্রায় বসবাস অনুপযোগী হয়ে পড়ায় মেরামতের লক্ষ্যে তিনটি ভিন্ন ভিন্ন প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। যেখানে ডরমেটরী ভবনে ১৭,৫৬,৭৫৯.০০; সুরমা ভবনে ১৩,৭৪,৫০০.০০ এবং নিলিমা ভবনে ১২,৫০,২৬২.০০ টাকা প্রয়োজন হবে। এছাড়াও হেতিমগঞ্জ বাজারে উপজেলা পরিষদ কর্তৃক নির্মিত গণটয়লেট বাজার ব্যবস্থাপনা কমিটি না থাকায় সাস্থ্যসম্মতভাবে পরিচালনার ক্ষেত্রে উপজেলা পরিষদ কর্তৃক লিজ দেওয়া যেতে পারে। এ বিষয়ে সদয় সিদ্ধান্তের জন্য তিনি পরিষদকে অনুরোধ করেন।<br>উপজেলা পরিষদ ক্যাম্পাস এলাকায় প্রশাসনিক ভবন সম্প্রসারন সহ মাধ্যমিক শিক্ষা অফিস এবং সমাজ সেবা অফিস নির্মাণের প্রস্তাবণা থাকায় সুবিন্যস্থভাবে ভবন নির্মাণের লক্ষ্যে একটি সার্বিক মাষ্টার প্লান প্রণয়ন প্রয়োজন। | | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ১৪/০৯/২০২১ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৪৩৩৭ জন, মোট আক্রান্ত ঃ ১০৫২ জন, মোট সুস্থ ৯৯৪ জন, মোট মৃত্যু ১৯ জন, বর্তমানে আইসোলেশন ৩৯ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা প্রদান : ২০৯৬৮ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ১৩৯৮৬ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৬৯২৭ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৬৪৮০ জন। আমরা হাসপাতালে আসা রোগীকে মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা, স্বাস্থ্যবিধি ও অন্যান্য সচেতনতা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করি। তা ছাড়া করোনা পজিটিভ রোগীকে চিকিৎসা প্রদানসহ স্বাস্থ্যবিধি মেনে আইসোলেশন এ থাকার পরামর্শ প্রদান করা হয়। | কোভিড টিকা কমিটির সভা ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আয়োজন সহ বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অসুস্থতাজনিত কারনে অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা যায় নাই। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, আগষ্ট/২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৯,০৩৩, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,৩১৯, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৮.১৫%, গর্ভকালীন সেবা ৭৫৮ জন, প্রসব সেবা ৪৪ জন, গর্ভোত্তর সেবা ২৫১ জন, শিশু সেবা ৪৬৬ জন, সাধারন রোগী ৩১৬৩ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ১৫৮ জন, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৯৭ জন। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | পরিবার পরিকল্পনা মাঠ পর্যায়ে আরো গতিশীল রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আউশ এর কর্তন কার্যক্রম চলমান রয়েছে এই পর্যন্ত ৯৮% অর্জিত হয়েছে। আউশ এর গড় ফলন ২.৭০ মে.টন / হেঃ। রোপা আমন এর আবাদ ১১১৫০ হেঃ রোপা আমনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। ইতিমধ্যে রোপা আমন এর আবাদ হয়েছে ১১৯৫১ হেঃ। আবাদ কার্যক্রম চলমান রয়েছে। চলতি রোপা আমনের সার ও কীটনাশকের মজুদ পর্যাপ্ত রয়েছে। পাতা মোড়ানো পোকা দমনের জন্য স্কোয়াড গঠন করে পোকা দমন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। খামার যান্ত্রিকীকরন প্রকল্পের মাধ্যমে কৃষি যন্ত্রপাতি ৭০% ভুতুকি মূল্যে বিতরনের লক্ষ্য কৃষকদের নিকট হতে চাহিদা সংগ্রহ করা হচ্ছে। ১৪ টি যন্ত্র এই প্রকল্পের মাধ্যমে সহায়তা প্রদান করা হবে। সকল ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়ের নির্ধারিত ফরমে আগ্রহী কৃষকদের তালিকা সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়। এই পর্যন্ত ৬ টি কম্বাইন হারভেষ্টার, ৩ টি রাইস ট্রান্সপ্লান্টার, রিপার ব্লাইন্ডার-১০, সিডার/ বেড প্লান্টার-৪, মেইজ শেলার-৩ টি, ৪ টি ড্রায়ার, ৪৮ টি পাওয়ার থ্রোসার এর আবেদন পাওয়া গেছে এই আবেদন গুলি যাছাই বাছাই করে ঢাকায় প্রেরন করা হবে। নিরাপদ সবজি উৎপাদন এর জন্য নিরাপদ সবজি গ্রাম এর কার্যক্রম চলমান রয়েছে। এই বছর সীম রপ্তানি কার্যক্রম বৃদ্ধি করার জন্য জৈব কীটনাশক ব্যবহার বৃদ্ধি করা হবে।। এতে সকলের সহযোগীতা কামনা করা হয় | কৃষকদের খামারীতে উদ্বুদ্ধ করা সহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৬ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন প্রাকৃতিক জলাশয় এবং প্রাতিষ্টানিক পুকুরে পোনামাছ অবমুক্তি করা হয়েছে। এছাড়া আমাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কারেন্ট জাল যাতে কেউ ব্যবহার করতে না পারে সে দিকে দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) সভায় জানান যে, অত্র দপ্তরের জনবল সংকট প্রকট। ১১ জন জনবল কাঠামোর মধ্যে মাত্র ২ জন কর্মরত আছেন। চিকিৎসা, ভ্যাক্সিনেশন( প্রানী), খামার রেজি: কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভিন্ন প্রকার প্রকল্পের কাজ চলমান রয়েছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গত ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখ গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বিদ্যালয়ে উৎসব মুখর পরিবেশে শ্রেণী কার্যক্রম শুরু করা হয়। ছাত্র / ছাত্রীগণ দীর্ঘদিন পর বিদ্যালয়ে আসতে পেরে আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়। বিদ্যালয়ে ছাত্র/ ছাত্রী উপস্থিতি ৯০% এর উপর। ছাত্র/ ছাত্রীদের শিখন ঘাটতি পূরনে শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | | চেয়ারম্যান (সকল)। |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সারাদেশের ন্যায় গোলাপগঞ্জ উপজেলার সকল কলেজ, স্কুল এন্ড কলেজ, স্কুল ও মাদ্রাসার ১২/০৯/২০২১ শ্রেণী কার্যক্রম শুরু করা হয়। এ লক্ষ্যে বিগত ৯/৯/২০২১ খ্রিঃ সকল প্রতিষ্টানদের সমন্বয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে এক সভায় বিস্তারিত আলোচনা পূর্বক স্বাস্থ্য বিধি মেনে শ্রেণী কার্যক্রম চালানোর জন্য বিস্তারিত আলোচনা ও বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া সভাশেষে উপজেলা প্রশাসন ও কৃষি বিভাগের সহায়তায় সকল প্রতিষ্ঠানে ২ বক্স মাস্ক ও ২ টি গাছের চারা প্রদান করা হয়। সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিদিন সকল প্রতিষ্ঠানের সার্বিক তথ্য google doc এ তথ্য প্রদান সহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে গ্রহন ও মনিটরিং করা হয়। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকুপ স্থাপন কাজ চলমান। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নলকুপ স্থাপনের কাজ শেষ। বর্তমানে হ্যান্ড ওয়াশ বেসিনের কাজ চলমান আছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারীপ্রকৌশলী(জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০২১-২২ চক্রের সেপ্টেম্ব/২০২১ মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়া সম্পন্ন হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে গত ১৫/০৮/২০২১ ইং তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকীতে প্রশিক্ষিত বেকার যুবক ও যুব নারীদের মধ্যে বিভিন্ন প্রকল্পের অনুকূলে ৫,৫০,০০০/- টাকার যুব ঋনের চেক বিতরন করেন। চলমান অর্থবছরে এখনও ভ্রাম্যমান প্রশিক্ষন শুরু হয় নাই। উল্লেখ্য যে স্বাস্থ্য বিধি মেনে আগামী মাস থেকে প্রশিক্ষন শুরু হবে বলে সভাকে জানান। অন্যান্য সার্বিক যুব কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ৩০৩ টি অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ এসেছে। এই মাসের মধ্যে বাছাই প্রক্রিয়া শেষ করে আগামী ১০/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে G2P পদ্ধতিতে টাকা বিতরনের নির্দেশনা রয়েছে। তাই সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অতি দ্রুত | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন পর্যায়ে বাছাই প্রক্রিয়া শেষ করে তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হলো। গত অর্থ বছরে G2P পদ্ধতিতে টাকা পাঠাতে গিয়ে কোন সুবিধাভোগী টাকা না পেয়ে থাকলে অথবা নাম্বার পরিবর্তন/ ভুল ত্রুটি পরিলক্ষিত হলে দ্রুত সময়ের মধ্যে সংশোধন করার জন্য অনুরোধ করা হলো। তাছাড়া মৃত ভাতাভোগীর ভাতা দ্রুত প্রতিস্থাপনে ইউপি চেয়ারম্যানগণকে সহযোগীতার জন্য অনুরোধ করা হলো। | | |
| ২/১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ঋণ আদায় ২০ লক্ষ টাকা। ঋণ বিতরন ২২ লক্ষ টাকা। এ ছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ্য(২০২০-২১) সমিতি ১৩২, সম্পাদন-২২ টি, সম্পাদনের বাকী ১২০ টি। নির্বাচন যোগ্য সমিতি (২০২১-২২) ১৮ টি,নির্বাচন অনুষ্টান ০৩ টি, অনুষ্টানের বাকী ১৫ টি। সমিতি পরিদর্শন লক্ষ্যমাত্রা ৬০ টি, অর্জন ১১ টি, বাকী ৪৯ টি। সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান লক্ষ্যমাত্রা ১৫০ জন, অর্জন ২৩ জন, অর্জনের বাকী ১২৭ জন। । বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে চলছে | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বোরো মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। আমাদের লক্ষ্যমাত্রা ছিল ৯৩১ মে.টন আমরা ১০৬৪ মে.টন সংগ্রহ করতে সক্ষম হয়েছি। অতিরিক্ত ১৩৩ মে.টন ধান সংগ্রহ করতে পেরেছি। সেপ্টেম্বর মাসের খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরন ইউনিয়ন পর্যায়ে চলমান আছে। ওএমএস কার্যক্রমও চলমান আছে। উল্লেখ্য ৪ টি ডিলার স্টেশন থেকে ৩০ টাকা কেজি দরে চাল বিক্রি হয়ে থাকে। তাছাড়া দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বন বিভাগের কার্যক্রম স্থবির বিধায় আরো গতিশীলতা আনয়নের জন্য সচেষ্ট হবেন। | উপজেলা বন কর্মকর্তা |
| ২/১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোলাপগঞ্জ জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি দারিদ্র বিমোচনের মাধ্যমে ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ বির্নিমানে তার দপ্তরের কার্যক্রমে সহযোগীতা করার জন্য ইউপি চেয়ারম্যান গণ সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী সচেষ্ট থাকবেন | পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/১৯ | পরিসংখ্যান বিভাগ | কোভিড-১৯ এর ফলে ২০২০ সালের মার্চ হতে ২০২১ সালের এপ্রিল পর্যন্ত দেশের দারিদ্র্য এবং কর্মসংস্থান এর অবস্থা জানার জন্য "র‍্যাপিড সার্ভে পোভার্টি এ্যাসেজম্যান্ট ২০২১" চলমান। এ জরিপের ফলে দেশের আর্থ সামাজিক অবস্থা জানা যাবে এবং টেকসই সিদ্ধান্ত গ্রহন করা যাবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | পরিসংখ্যান কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২/২০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুত সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৩। | | ক। উপজেলা পরিষদ আবাসিক এলাকায় ঝোপঝাড় থাকায় সাপ ও ক্ষতিকর কিট পতঙ্গের উপদ্রব বৃদ্ধি পেয়েছে এমতাবস্থায় জরুরীভিত্তিতে আবাসিক এলাকার ঝোপঝাড় ও ময়লা আবর্জনা পরিষ্কার করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক। জরুরীভিত্তিতে ঝোপঝাড় ও ময়লা আবর্জনা পরিষ্কারের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিল পরিশোধ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| | | খ। উপজেলা পরিষদের জীপগাড়ির ব্যাটারি নষ্ট হওয়ায় নতুন একটি ব্যাটারি সংযোজনের জন্য গাড়ী চালক জনাব মোঃ জাকির হোসেন ০৮/০৯/২০২১ খ্রি. তারিখে আবেদন করেন। আবেদনপত্রটি সভায় উপস্থাপনপূর্বক আলোচনা করা হয়। আলোচনান্তে নতুন একটি ব্যাটারি সংযোজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | খ। উপজেলা পরিষদের জীপগাড়িতে নতুন একটি ব্যাটারি সংযোজনের সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল এর যানবাহন মেরামত খাত হতে বিল পরিশোধ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | গ। উপজেলা নির্বাহী অফিসারের শারীরিক ও বাসভবনের সার্বক্ষণিক নিরাপত্তা প্রদানে মোতায়েনকৃত আনসার সদস্যদের অস্থায়ী ব্যারাকে ০৪টি খাট, ০১টি ফ্যান, ০৬টি লাইট, ০২টি টর্চ লাইট সরবরাহের জন্য আনসার এপিসি আবেদন করেন। আবেদনপত্রের আলোকে চাহিত মালামাল উপজেলা রাজস্ব তহবিল এর নিরাপত্তা খাত হতে ব্যয় নির্বাহ পূর্বক সরবরাহের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | গ। আবেদনপত্রের আলোকে চাহিত মালামাল উপজেলা রাজস্ব তহবিল এর নিরাপত্তা খাত হতে ব্যয় নির্বাহ পূর্বক সরবরাহের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| | | ঘ। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আইপিএস নষ্ট হওয়ায় একটি নতুন আইপিএস সংযোজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ঘ। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ পূর্বক একটি নতুন আইপিএস সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪। | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | জনাব ফাহিমা বেগম, মালী জুলাই/২১ মাসের মজুরী বাবদ ৯,৯০০/- চেক প্রদান, চেক নং ০২২২৮৯৮ তাং ০১/০৮/২০২১। জুলাই/২১ মাসের আপ্যায়ন বিল বাবদ মোঃ রুহুল আমিন জাকারিয়ার অনুকূলে ৩০,০০০/- চেক প্রদান, চেক নং ০২২২৮৯৯ তাং ১/৮/২১। জুলাই/২১ আনুষংগিক ব্যয় বাবদ জনাব রাজন পালের অনুকূলে ৪,৫০০/- চেক প্রদান, চেক নং ০২২২৯০০ তাং ২/৮/২১। এম এস কন্সট্রাকশন এর অনুকূলে উন্নয়ন কাজের জামানত বাবদ ৩৭,৯৭৮/- চেক প্রদান, চেক নং ০২২২৯০১ তাং ১৯/০৮/২১। আগষ্ঠ/২১ মাসের আপ্যায়ন বিল বাবদ মোঃ রুহুল আমিন জাকারিয়ার অনুকূলে ৩০,০০০/- চেক প্রদান, চেক নং ০২২২৯০৫ তাং ৩১/৮/২১। মেসার্স মাহী এন্ড শাফী এন্টারপ্রাইজের জামানত বাবদ৫৪,৩২৬/- চেক প্রদান, চেক নং ২১৩৪৪০৬ তাং ১৯/০৮/২১। | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সকলকে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের সভার তারিখের ০৩ (তিন দিন) পূর্বে কার্যপত্র সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইকবাল আহমদ চৌধুরী)
চেয়ারম্যান
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট জেলা।

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৭১৩

তারিখ ঃ ১৫/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, ---------------------------------- সিলেট।
০৬। উপজেলা ---------------------------- অফিসার, গোলাপগঞ্জ।
০৭। চেয়ারম্যান------------------------------------ ইউ/পি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি

১৫/০৯/২০২১

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্ত
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।

☎ ০৮২২৭-৫৬০৩১
ইমেইল:**unogolapganj@mopa**

পরিশিষ্ট ''ক'' সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধি বৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | নাজিরা বেগম শিলা,মহিলা ভাইসচেয়ারম্যান | - | স্বাক্ষরিত |
| ০৪ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান , ০১ নং বাঘা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১০ নং উত্তর বাদেপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০২ | | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা কৃষি কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকৌশলী,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা ,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৭ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩২ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৩ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৪ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৫ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন পরিষদ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০৩ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |